# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০৮/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার, ২৫ এপ্রিল ২০১৮, ১২ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। দ্বিতীয় মেয়াদে শপথ নিলেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ

২। গ্লোবাল উইমেন'স লিডারশিপ অ্যাওয়ার্ড পাচ্ছেন প্রধানমন্ত্রী
গ্লোবাল সামিট অভ্ উইমেন সম্মেলনে যোগ দিতে আগামীকাল অস্ট্রেলিয়া যাচ্ছেন প্রধানমন্ত্রী

৩। স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণে বিশ্ব সম্প্রদায়ের সহযোগিতা প্রয়োজন : জাতিসংঘে অর্থমন্ত্রী

৪। উচ্চপর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধিদল নিয়ে বাণিজ্যমন্ত্রী কম্বোডিয়ায়

৫। স্বাস্থ্যমন্ত্রী'র সাথে সফররত কঙ্গোর মন্ত্রী'র বৈঠক : কমিউনিটি ক্লিনিক কার্যক্রমের প্রশংসা

৬। রোহিঙ্গা ইস্যুতে গঠনমূলক ভূমিকা পালনের আহ্বান যুক্তরাষ্ট্রের
জি-৭ সম্মেলনে আরো ৫ কোটি ডলার সহায়তার ঘোষণা

৭। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছেঃ
কর্মশালায় বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী

৮। বাংলাদেশের পর্যটন খাতে দুবাইয়ের বিনিয়োগকারীদের বিনিয়োগ করার আহ্বান পর্যটনমন্ত্রী'র

৯। সব রফতানি খাত সমান সুবিধা পাবে : এনবিআর চেয়ারম্যান

চলমান পাতা-২

**১। দ্বিতীয় মেয়াদে শপথ নিলেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ**

দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছেন মোঃ আবদুল হামিদ। প্রথমবারের মতো টানা দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপ্রধানের শপথ নিয়ে তিনি ইতিহাস গড়লেন। গতকাল (২৪ এপ্রিল মঙ্গলবার) রাত পৌনে ৮টায় বঙ্গভবনের দরবার হলে তাঁকে শপথবাক্য পাঠ করান জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বঙ্গবন্ধুর কন্যা শেখ রেহানা, প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন, বিরোধী দলীয় নেতা রওশন এরশাদ এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ শপথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২। গ্লোবাল উইমেন'স লিডারশিপ অ্যাওয়ার্ড পাচ্ছেন প্রধানমন্ত্রী**
**গ্লোবাল সামিট অভ্ উইমেন সম্মেলনে যোগ দিতে আগামীকাল অস্টেলিয়া যাচ্ছেন প্রধানমন্ত্রী**

বাংলাদেশ এবং সমগ্র এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নারী শিক্ষা এবং নারী উদ্যোক্তাদের কর্মকাণ্ড প্রসারে নেতৃত্বের স্বীকৃতি হিসেবে মর্যাদাপূর্ণ গ্লোবাল উইমেন'স লিডারশিপ অ্যাওয়ার্ড পাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অস্ট্রেলিয়ার সিডনিতে ২৭ এপ্রিল অনুষ্ঠেয় '২০১৮ গ্লোবাল সামিট অভ্ উইমেন' সম্মেলন চলাকালে যুক্তরাষ্ট্রভিত্তিক এনজিও গ্লোবাল সামিট অভ্ উইমেন বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আজীবন সম্মাননা অ্যাওয়ার্ড প্রদান করবে। গতকাল (২৪ এপ্রিল মঙ্গলবার) প্রধানমন্ত্রীর অস্ট্রেলিয়া সফরের বিস্তারিত তুলে ধরতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এ তথ্য জানান। মন্ত্রী বলেন, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুলের আমন্ত্রণে দুই দিনব্যাপী 'গ্লোবাল সামিট অভ্ উইমেন' সম্মেলনে যোগদানের লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল ২৬ এপ্রিল বৃহস্পতিবার সিডনির উদ্দেশে যাত্রা করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণে বিশ্ব সম্প্রদায়ের সহযোগিতা প্রয়োজন : জাতিসংঘে অর্থমন্ত্রী**

নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ইকোসক) আয়োজিত এক ফোরামে বক্তৃতাকালে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের পরবর্তী চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ দৃঢ়প্রতিজ্ঞ। তিনি সাবলীল উত্তরণ নিশ্চিত করতে এবং উন্নয়ন ধারাবাহিকতা অব্যাহত রাখতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি সহযোগিতার আহ্বান জানিয়েছেন। স্থানীয় সময় গত ২৩ এপ্রিল সোমবার ইকোসক-এর 'উন্নয়নে অর্থায়ন' বিষয়ক তৃতীয় ফোরামে কান্ট্রি স্টেটমেন্ট দেওয়া বক্তব্যে অর্থমন্ত্রী টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ সরকার যে অগ্রগতি সাধন করেছে এবং যে সকল নীতিমালা গ্রহণ করেছে তা তুলে ধরেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৩), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

**৪। উচ্চপর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধিদল নিয়ে বাণিজ্যমন্ত্রী কম্বোডিয়ায়**

'ইন্টারন্যাশনাল ট্রেড, ফাইনান্স এন্ড ডেভেলপমেন্ট অভ্ গ্লোবাল ভেলু চেইন' শীর্ষক কর্মশালায় যোগ দিতে বাণিজ্যমন্ত্রী কম্বোডিয়ায় পৌঁছেছেন। আজ ২৫ এপ্রিল বুধবার কম্বোডিয়ার ফোম প্যান হোটেলে অনুষ্ঠিত কর্মশালাটি বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ উদ্বোধন করবেন। আগামী ২৭ এপ্রিল পর্যন্ত কর্মশালা অনুষ্ঠিত হবে। কম্বোডিয়ার বাণিজ্য মন্ত্রণালয় এবং ট্রেড ট্রেনিং এন্ড রিসার্স ইনস্টিটিউট (টিটিআরআই) এ কর্মশালার আয়োজন করেছে। গতকাল (২৪ এপ্রিল মঙ্গলবার) বাণিজ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **প্রথম আলো** (পৃ.১৫,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৫। **স্বাস্থ্যমন্ত্রী'র সাথে সফররত কঙ্গোর মন্ত্রী'র বৈঠক : কমিউনিটি ক্লিনিক কার্যক্রমের প্রশংসা**

স্বাস্থ্যখাতে বাংলাদেশের সাফল্য বিশেষকরে হেলথ কমিউনিটি ক্লিনিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেছেন বাংলাদেশে সফররত কঙ্গোর জনস্বাস্থ্যমন্ত্রী অলিলুঙ্গা কালেঙ্গা। গতকাল (২৪ এপ্রিল মঙ্গলবার ) সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে সাক্ষাৎ করতে গিয়ে তিনি এ কথা বলেন। এ সময় বিশ্বব্যাংকের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৪)।

৬। **রোহিঙ্গা ইস্যুতে গঠনমূলক ভূমিকা পালনের আহ্বান যুক্তরাষ্ট্রের**
**জি-৭ সম্মেলনে আরো ৫ কোটি ডলার সহায়তার ঘোষণা**

রোহিঙ্গা সমস্যার সমাধানে সকলকে গঠনমূলক ভূমিকা পালনের আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। একইসঙ্গে রোহিঙ্গাদের জন্য আরো ৫ কোটি ডলার সহায়তা ঘোষণা করেছে দেশটি। কানাডার টরেন্টোয় জি-৭ মন্ত্রী পর্যায়ের বৈঠকে যুক্তরাষ্ট্রের ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী জন এ সুলিভান এ ঘোষণা দেন। সুলিভান জানান, গত বছরের আগস্ট থেকে প্রায় সাত লাখ রোহিঙ্গা সহিংসতার শিকার হয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। ফলে বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের সংখ্যা দশ লাখ ছাড়িয়ে গেছে। এ ভয়াবহ পরিস্থিতি মোকাবিলায় পররাষ্ট্র দফতরের জনসংখ্যা, শরণার্থী ও অভিবাসন ব্যুরোর পক্ষ থেকে জাতিসংঘের নেতৃত্বাধীন একটি যৌথ পরিকল্পনায় আরো ৫ কোটি ডলার সহযোগিতা দেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৭। **রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে :**
**কর্মশালায় বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান বলেছেন, জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী নিরাপত্তা ও সুরক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নির্মিত হচ্ছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। এ বিদ্যুৎকেন্দ্র নির্মাণে সবসময় নিরাপত্তা ইস্যুকে প্রথমেই বিবেচনায় আনা হয়েছে। আগারগাঁওয়ের বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের মিলনায়তনে গতকাল (২৪ এপ্রিল মঙ্গলবার) রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রিলিমিনারি সেফটি অ্যানালাইসিস শীর্ষক কর্মশালায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৭, ক. ৮)।

৮। **বাংলাদেশের পর্যটন খাতে দুবাইয়ের বিনিয়োগকারীদের বিনিয়োগ করার আহ্বান পর্যটনমন্ত্রী'র**

বাংলাদেশের পর্যটন স্থাপনাসমূহকে পর্যটন পণ্যে পরিণত করতে এ খাতে দুবাইয়ের বিনিয়োগকারীদের বিনিয়োগ করার আহ্বান জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী একেএম শাহজাহান কামাল। তিনি বলেন, সরাসরি বিনিয়োগের (এফডিআই) জন্য কক্সবাজারকে এক্সক্লুসিভ ট্যুরিস্ট জোন ঘোষণা করছে সরকার। গতকাল (২৪ এপ্রিল মঙ্গলবার) দুবাইতে ২৫তম এরাবিয়ান ট্রাভেল মার্কেট ২০১৮ উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৮)।

৯। **সব রফতানি খাত সমান সুবিধা পাবে : এনবিআর চেয়ারম্যান**

আগামী ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে সব রফতানি খাতকে সমান সুবিধা দেওয়ার চেষ্টা করা হবে বলে জানিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মোশাররফ হোসেন ভূঁইয়া। তিনি বলেন, সব খাতকেই এগিয়ে নেওয়া সরকারের লক্ষ্য। সরকার সুবিধা দেওয়ার ক্ষেত্রেও তা বিবেচনা করবে, যাতে সব রফতানি খাত এগিয়ে যেতে পারে। উন্নয়নশীল দেশে উত্তীর্ণ হতে রফতানি আয় বাড়ানো জরুরি। গতকাল (২৪ এপ্রিল মঙ্গলবার) এনবিআর আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১২,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**সম্পাদকীয়**

ক . **ইত্তেফাক, প্রথম আলো, ভোরের কাগজ :** গণপরিবহণে নারীর নিরাপত্তাহীনতা বাড়ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **যুগান্তর :** তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **প্রথম আলো :** সরকারি চাকরিতে কোটা সমস্যার দ্রুত সমাধান করার সুপারিশ।

ঘ. **সমকাল :** কিশোরগঞ্জের কিশোর সন্ত্রাসীদের দৌরাত্ম্যে শহরবাসীর তটস্থ হওয়ার কথা উল্লেখ করে সামাজিক অবক্ষয়ের এ চিত্র আমলে নিয়ে তা নিরসনে যথাযথ পদক্ষেপ কামনা।

ঙ. **যায়যায়দিন :** রানা প্লাজা ধসের পাঁচ বছর হওয়ার পর ও দেড় হাজার কারখানায় নিরাপত্তা ঝুঁকি বিদ্যমান উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** বিভিন্ন পণ্যের মোড়কে প্লাস্টিক ও পলিথিনের ব্যবহার বন্ধ করার আহ্বান।

ছ. **নিউ এজ :** সড়ক দুর্ঘটনা রোধে সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠা জরুরি বলে মতপ্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন :** যে কোনো প্রকারের সামাজিক অবক্ষয় রোধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত **'পুষ্টির উন্নয়নে চাই নারীর পুষ্টি জ্ঞান'** শিরোনামের নিবন্ধে সামাজিক বাধা পেরিয়ে নারীদের যত বেশি কৃষি উৎপাদনশীল কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত করা যাবে ততই অপুষ্টির হার কমবে বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা